

জাবিতে সহপাঠীদের পেটাল ছাত্রলীগ নেতারা

■ জাবি সর্বোদ্যোগ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) হল
কক্ষে সহপাঠীদের পিটিয়েছে বিশ্ববিদ্যালয়
শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক ফয়সাল
হোসেন দীপুর অনুসারীরা। রোববার রাতে
বিশ্ববিদ্যালয়ের মীর মশাররফ হোসেন হলে এ
ঘটনা ঘটে। হামলায় আহতরা হলেন-
প্রাণরসায়ন ও অণুপ্রাণবিজ্ঞান বিভাগের প্রথম
বর্ষের শিক্ষার্থী আলমগীর, ইয়াসির ও মাসুদ।
জানা যায়, রাত ১২টার জাবি শাখা
ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক ফয়সাল
হোসেন দীপুর অনুসারী জাবেদ সজল (৪২তম
ব্যাচ অর্থনীতি), আমিনুল (৪২তম ব্যাচ
গণিত), ইমরান, রবিউল ও জামিল (নগর ও
অঞ্চল পরিকল্পনা বিভাগ) তাদের সহপাঠী
আলমগীর, ইয়াসির ও মাসুদকে নিজেদের
কক্ষে ডেকে পাঠায়। তিন সহপাঠী ওই কক্ষে

যেতে দেরি করলে
জাবেদ সজলের নেতৃত্বে
আমিনুল, ইমরান, রবিউল ও
জামিল ১০১ নম্বর কক্ষে গিয়ে
আলমগীর, ইয়াসির ও মাসুদকে
ক্রিকেট ব্যাট ও স্টাম্প দিয়ে মারধর করে।
এতে তাঁদের শরীরে গুরুতর জখম হয়।
তাদের বিশ্ববিদ্যালয়ের মেডিকলে পাঠানো
হয়েছে।

এ বিষয়ে জাবি প্রক্টর উপেন কুমার সাহা
সমকালকে বলেন, বিষয়টি হল প্রশাসনের
অধীনে। প্রটোকল বডি কিছুর করার নেই। এ
বিষয়ে তারা যদি লিখিত জানায় তাহলে আমরা
ব্যবস্থা নেব।

এ বিষয়ে মীর মশাররফ হোসেন হলের
প্রাধ্যক্ষ অধ্যাপক ওবায়দুর রহমান বলেন, তদন্ত
সাপেক্ষে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া

হবে।
এদিকে
অভিযুক্ত
জাবেদ সজল ও
অন্যরা প্রথমে
মারধরের ঘটনা অস্বীকার
করলেও পরে জেরার মুখে
স্বীকার করে।